দৈনিক সংবাদ

তারিখ 27 JUL 1995
পৃষ্ঠা ৫ কলাম ৫

### গাংনী থানার প্রাথমিক বিদ্যালয়

# এক বছরেও ভাতা মঞ্জুর হয়নি ।। নিয়োগ নিয়ে বিরোধ ।। গম মেলেনি

মেহেরপুর, ২৬শে জুলাই ( জেলা বার্তা পরিবেশক )।–দীর্ঘ একটি বছর ধরে আবেদন–নিবেদন এবং দেন–দরবার করার পরও গাংনী থানার মালশাদহ স্বল্পব্যয়ী প্রাথমিক বিদ্যালয়ের দু'জন শিক্ষিকা ভাতা পাননি। এ ব্যাপারে জানার জন্য উক্ত শিক্ষিকারা ঢাকায় প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক দফতরেও সশরীরে হাজিরা দিয়েছেন কিন্তু কাজ হয়নি।

প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের পত্র নং সংস্থাপন–২/১২–প্রাথ '৯৩ ৬৩৬২/৪৫/৫৫০ তাং ৮–১২–৯৩ মোতাবেক একটি নিয়োগ কমিটি মঞ্জুয়ারা খাতুন ও ফিরোজা খাতুনকে মালশাদহ বেসরকারি স্বল্পব্যয়ী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা নিযুক্ত করে। উক্ত দু'জন শিক্ষিকা যথারীতি ৫–৫–৯৪ তারিখে বিদ্যালয়ে যোগদানপূর্বক কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করেন। থানা শিক্ষা বিভাগ বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেছেন। তবুও তাদের ভাতার টাকা মঞ্জুর হয়নি। এতে উক্ত দু'জন শিক্ষিকা হতাশ হয়ে পড়েছেন। থানা শিক্ষা দফতর থেকে বিষয়টিকে রহস্যজনক বলে জানানো হয়েছে।

এদিকে গাংনী থানার করমদী স্বল্পব্যয়ী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা নিয়োগ নিয়ে বিরোধ বেধেছে। উক্ত বিদ্যালয়ের জমি দাতার মেয়েকে নিয়োগ দেয়া হয়নি। নিয়োগ পেয়েছে ইউপি চেয়ারম্যান মনোনীত প্রার্থী। এ নিয়ে মামলা হয়েছে।

একই থানার বামন্দি এবং তেঁতুলবাড়িয়া ইউনিয়নের বিদ্যালয়গুলোতে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম দেয়া যায়নি। চাহিদাপত্র দাখিলের দিন–তারিখ রদবদল হওয়ায় গম ওঠানো যায়নি। এ নিয়ে এখন ঢাকায় পত্র যোগাযোগ চলছে।